



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/ ২০ /পটুয়া-৭৬

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮
২৫ মে ২০২১

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৭৬/৭১/৭ তারিখ: ২৯.০১.২০১৫ইং।
২। উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী এর পত্র নং ০৫.১০.৭৮৫৭.০০১.০৩.০০১.১৪-৪৯২ তারিখ: ২১.০৬.২০১৫ইং।
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৭৬/৬১৭ তারিখ: ১২.১১.২০১৫ইং।
৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৭৬/৪৩৬ তারিখ: ১৭.০৮.২০১৫ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন মানিক চাঁদ দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে ম্যানেজিং কমিটি গঠনে বিভিন্ন জাল-জালিয়াতির বিষয় উল্লেখপূর্বক সাবেক সভাপতি জনাব মু: মেহেদী মাসুদ অভিযোগ দাখিল করেন। অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী তদন্ত পূর্বক মতামতসহ সূত্রোক্ত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্ত কর্মকর্তার সার্বিক মতামত অনুযায়ী অভিযোগ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ৩নং স্মারক পত্রের আলোকে সূত্রোক্ত ৪নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া হয়।

বর্ণিত অবস্থায় ম্যানেজিং কমিটি গঠনে বিভিন্ন জাল-জালিয়াতির অভিযোগ প্রমাণিত হওয়ায় সুপার জনাব এম এম নূর উদ্দিনের এম.পি.ও বন্ধের সুপারিশসহ কেন তার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার সন্তোষজনক জবাব ১৫ (পনের) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সুপার
মানিক চাঁদ দাখিল মাদ্রাসা
পো: রতনদিতালতলী, গলাচিপা, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/ ২০ /পটুয়া-৭৬

২৫.০৫.২১

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

২৫.০৫.২১

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮
২৫ মে ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী;
৪. উপজেলা শিক্ষা অফিসার, গলাচিপা, পটুয়াখালী;
৫. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

২৫/৫/২১

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৫.০৫.২১